বিসমিল্লাহির রাহ্মানির রাহিম

# ১৩ নং তন্তর ইউনিয়ন পরিষদ

TANTAR UNION PARISHAD

মোঃ আলী আকবর (চেয়ারম্যান) মোবাইলঃ ০১৭১৪৫৮৫২৫৮
ডাকঘরঃ তন্তর, উপজেলাঃ শ্রীনগর, জেলাঃ মুন্সীগঞ্জ।

তারিখ: ০৫/০৩/২০২৫ ইং

## তন্তর ইউনিয়ন পরিষদের মার্চ/২০২৫ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী

প্রতিষ্ঠানের নামঃ তন্তর ইউনিয়ন পরিষদ

সভা অনুষ্ঠানের স্থান/ঠিকানাঃ তন্তর ইউপি সভাকক্ষ

সময়ঃ বেলা ০২.০০, তাং ০৫/০৩/২০২৫ ইং

| ক্রমিক নং | নাম | পদবী | ঠিকানা | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | মোঃ আলী আকবর | চেয়ারম্যান | তন্তর | | |
| ২ | কামরুন নাহার চৌধুরী | সদস্য | সংরক্ষিত ১,২,৩ নং ওয়ার্ড | | |
| ৩ | আলেয়া বেগম | সদস্য | সংরক্ষিত ৪,৫,৬ নং ওয়ার্ড | | |
| ৪ | পারভীন সুলতানা | সদস্য | সংরক্ষিত ৭,৮,৯ নং ওয়ার্ড | | |
| ৫ | শহিদুল ইসলাম | সদস্য | সিংপাড়া ১ নং ওয়ার্ড | | |
| ৬ | হুমায়ুন শিকদার | সদস্য | সিংপাড়া ২ নং ওয়াড | | |
| ৭ | মোঃ আলমগীর হোসেন | সদস্য | সোন্ধারদিয়া ৩ নং ওয়ার্ড | | |
| ৮ | আঃ আজিজ শিকদার | সদস্য | ব্রাহ্মনখোলা ৪ নং ওয়ার্ড | | |
| ৯ | মোঃ সাজ্জাদ হোসেন | সদস্য | পানিয়া ৫ নং ওয়ার্ড | | |
| ১০ | আবুল হোসেন | সদস্য | বুসদী ০৬ নং ওয়াড | | |
| ১১ | মাহমুদ ইউসুফ সাগর | সদস্য | তন্তর ৭নং ওয়ার্ড | | |
| ১২ | মোঃ সফিকুল ইসলাম (মিঠু) | সদস্য | পাড়াগাঁও ৮ নং ওয়ার্ড | | |
| ১৩ | মোঃ মামুন | সদস্য | পাড়াগাঁও ৯ নং ওয়ার্ড | | |

## অধিবেশনের আলোচ্য বিষয় সমুহঃ

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।

২। ২০২৪-২৫ অর্থ বছরে ১% স্থায়ী সম্পত্তি হস্তান্তর কর বরাদ্দ নিয়ে আলোচনা ।

৩। বয়স্ক ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতা কর্মসূচি’র বর্ধিত উপকারভোগীদের বাছাইকৃত নামের তালিকা প্রেরন নিয়ে আলোচনা ।

৪। আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা।

| ক্র. নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত সংস্থা/ব্যক্তি |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন । | অদ্যকার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শুনান অত্র কমিটির সদস্য সচিব জনাব মোঃ সোহেল রানা। | বিগত সভার কার্যবিবরী সর্বসম্মতক্রমে অনুমোদিত। | কমিটির সকল সদস্য |
| ০২ | ২০২৪-২৫ অর্থ বছরে ১% স্থায়ী সম্পত্তি হস্তান্তর কর বরাদ্দ নিয়ে আলোচনা | সভাপতি সাহেব জানান যে, ২০২৪ -২০২৫ অর্থ বছরে ১% স্থায়ী সম্পত্তি হস্তান্তর কর খাতে 8,67,500/= টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। এই টাকা দিয়ে প্রকল্প নিতে বললে উপস্থিত সকলে সর্বসম্মতি ক্রমে নিম্নোক্ত প্রকল্পসমূহ গ্রহন করা হয়। (প্রকল্পের তালিকা নিচে) | ২০২৪-২৫ অর্থ বছরে ১% স্থায়ী সম্পত্তি হস্তান্তর কর বিষয়ে আলোচনা শেষে উক্ত প্রকল্পগুলো গ্রহণ ও বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | তন্তর ইউপির সকল সদস্য ও ইউনিয়ন পরিষদ। |

| ক্র. নং | প্রকল্পের নাম | ওয়ার্ড নং | পরিমান টাকা |
|---|---|---|---|
| ০১ | সিংপাড়া মাদ্রাসা হতে বরার বাড়ী পর্যন্ত নতুন রাস্তা নির্মাণ। | ০২ | ২,০০,০০০/= |
| ০২ | সোন্দারদিয়া আবুলের বাড়ী হতে খালেক খলিফার বাড়ী পর্যন্ত নতুন রাস্তা নির্মান। | ০৩ | ২,০০,০০০/= |
| ০৩ | সোন্দারদিয়া বাজারের উত্তর পাশে খালের উপর কাঠের ব্রীজ নির্মাণ। | ০৩ | ২,০০,০০০/= |
| ০৪ | সোন্দারদিয়া কোল্ড ষ্টোরেজ রাস্তার পুকুরপারের মাটি ভরাট। | ০৩ | ১,১৭,৫০০/= |
| ০৫ | পাড়াগাঁও রাস্তা থেকে শিকদার বাড়ী পর্যন্ত মাটির রাস্তা পুনঃ নির্মাণ। | ০৯ | ১,৫০,০০০/= |
| মোট= | | | ৮,৬৭,৫০০/= |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | বয়স্ক ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহিতা কর্মসূচি'র বর্ধিত উপকারভোগীদের বাছাইকৃত নামের তালিকা প্রেরন নিয়ে আলোচনা। | অদ্যকার সভায় সভাপতি সাহেব জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বয়স্ক ভাতার নামের তালিকা ৪১ টি, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার নামের তালিকা ১২ টি এবং বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতার নামের তালিকা ৫০ টি নামের তালিকা প্রেরনের বরাদ্দ পাওয়া গিয়াছে। সভাপতি সাহেব জানান যে, আমরা ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য অনলাইনে আবেদনের তালিকা উপজেলা সমাজসেবা অফিস থেকে প্রদান করা হয়েছে। আমাদেরকে উক্ত তালিকা থেকে পুঙ্খানুপুঙ্খরূপে যাচাই-বাছাই পূর্বক উপস্থিত সকলের সর্বসম্মতি ক্রমে তালিকা প্রেরণ করতে হবে। | বয়স্ক, অস্বচ্ছল প্রতিবন্ধী এবং বিধবা ও স্বামী নিগৃহিতা উপকার ভোগীদের তালিকা সঠিকভাবে যাচাই-বাছাইপূর্বক প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | তন্তর ইউপির সকল সদস্য ও ইউনিয়ন পরিষদ। |
| ০৪ | আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা। | অদ্যকার সভায় সভাপতি সাহেব জানান যে, বর্তমানে আমাদের আইন-শৃঙ্খলা পরিস্থিতি কিছুটা অস্বাভাবিক রয়েছে। ইদানিং দেখা যাচ্ছে, কবরস্থান থেকে লাশ চুরি হয়ে যাচ্ছে, যা খুবই দুঃখজনক একটি ঘটনা। আমাদেরকে অবশ্যই এ ধরনের অপ্রীতিকর ঘটনা যাতে না ঘটে সে ব্যাপারে সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য ও গ্রাম পুলিশদের তার নিজ নিজ ওয়ার্ডে সচেতন থাকতে হবে এবং যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে। সভাপতি সাহেব বলেন যে, প্রত্যেক কবরস্থানের সভাপতি ও সেক্রেটারীকে তাদের নিজ নিজ কবরস্থানে পাহারদার নিযুক্ত করা ও সিসি ক্যামেরা স্থাপনের ব্যবস্থা গ্রহণ করার কথা বলেন। উপস্থিত সকলে সভাপতি সাহেবের প্রস্তাবকে খুবই কার্যকর প্রস্তাব বলে অভিহিত করেন। এবং সে অনুযায়ী কাজ করার কথা ব্যক্ত করেন। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি মজবুত করে গড়ে তুলতে হলে সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য ও গ্রাম পুলিশদের তদারকি এবং কবরস্থানে পাহারদার নিযুক্ত করা ও সিসি ক্যামেরা স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | কবরস্থান কমিটির সভাপতি ও সেক্রেটারী। |
| | সভার সমাপ্তি | অদ্য আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন। | | |

মোঃ আলী আকবর
চেয়ারম্যান
১৩নং তন্তর ইউনিয়ন পরিষদ
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

(মোঃ আলী আকবর)
চেয়ারম্যান
তন্তর ইউনিয়ন পরিষদ
শ্রীনগর, মুন্সীগঞ্জ।